

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
আগারগাঁও প্র/এ, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
ওয়েব সাইটঃ www.techedu.gov.bd
ই-মেইলঃ techedu09@gmail.com

স্মারক নং- সংস্থাপন (২)/পলিঃ/পাসপোর্ট/৬০/২০১৫ - ৩৩৯

তারিখঃ ১৬/০৬/২০১৬ খ্রিঃ।


বিষয় : পাসপোর্ট ফরম সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কারিগরি শিক্ষা অধিদপ্তরাদীন বিভিন্ন পলিটেকনিক ইন্সটিটিউটের শিক্ষকগণ অধ্যক্ষের সুপারিশক্রমে পাসপোর্টের জন্য পুরাতন ফরমে আবেদন করেছেন। ফলে কোন কার্যকর ব্যবস্থা নেয়া যাচ্ছে না। পাসপোর্ট অধিদপ্তর হতে নতুন ফরম প্রনয়ন করা হয়েছে ফলে সংশ্লিষ্ট সকলকে নতুন ফরম পূরণ পূর্বক আবেদন করতে হবে।

নতুন পাসপোর্টের জন্য যা প্রয়োজন-

১. অধ্যক্ষ কর্তৃক সুপারিশকৃত আবেদন ফরম। (নতুন আবেদন ফরম পাওয়া যাবে অধিদপ্তরের ওয়েব সাইটে)
২. এসএসসি এর সত্যায়িত সনদপত্রের কপি।
৩. জাতীয় পরিচয়পত্র এর সত্যায়িত কপি।

বর্ণিতাবস্থায়, নতুন পাসপোর্টের জন্য উপরে উল্লেখিত কাগজপত্রাদিসহ পুনঃ আবেদন করার জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হ'ল।


(মোঃ আব্দুল ওয়াদুদ মল্লা)
সহকারী পরিচালক

প্রাপক,

অধ্যক্ষ

নওগাঁ/রংপুর/চট্টগ্রাম মহিলা/ফেনী/মৌলভীবাজার/পটুয়াখালী/কিশোরগঞ্জ/
যশোর/রংপুর/কুমিল্লা পলিটেকনিক ইন্সটিটিউট।

প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি দেয়া হ'ল :

১. ভারপ্রাপ্ত কর্মকর্তা (আই সিটি সেল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

(পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

২. সংরক্ষণ নথি।